গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জামাল উদ্দীন আহমেদ<br>মহাপরিচালক<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর<br>প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ৩০ ডিসেম্বর, ২০১৯, সময়: বিকাল ০৩:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

০২। অত:পর পরিচালক (প্রশাসন) সভায় গত ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনান। উহাতে কারো কোন আপত্তি বা সংশোধন/সংযোজন না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

০৩। পরিচালক (প্রশাসন) সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সভায় উপস্থিত অংশীজনকে (Stakeholder) মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০৪। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্র : নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | সভায় আলোচনাকালে Stakeholder গণ নিম্নোক্ত মতামত প্রদান করেন :<br>ক) এফিড্রিন হাইড্রোক্লোরাইড আমদানির বিষয়ে অধিদপ্তর সতর্ক রয়েছে। অধিদপ্তর হতে এনওসি প্রাপ্তি সাপেক্ষে এফিড্রিন হাইড্রোক্লোরাইড আমদানি করা হয়। আমদানীকৃত পণ্য অধিদপ্তরের কর্মকর্তার উপস্থিতিতে মোড়ক উম্মোচিত হয়। অত:পর উক্ত পণ্য কেমিক্যাল ল্যাবে প্রেরণ করা হয়। কেমিক্যাল ল্যাবের রির্পোট প্রাপ্তির পর কোম্পানী ঔষধ উৎপাদনে যায়। পর্যায়ক্রমে পরীক্ষা-নিরীক্ষা শেষে বাজারজাতকরণ করা হয়। উৎপাদন ও বিক্রয়ের হিসাব অধিদপ্তর কর্তৃক যথারীতি পরীবিক্ষণ করা হয়। | এফিড্রিন হাইক্রোরাইড আমদানির বিষয়ে অধিদপ্তর হতে কড়া নজরদারী অব্যাহত থাকবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| ২ | টলুইন ও এসিটোনসহ সকল প্রকার সাবসটেন্সসহ সকল প্রকার প্রিকারসর কেমিক্যাল এর গোডাউনের পাশে বাড়ীঘর/দোকান না রাখা প্রসঙ্গে অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অস্পষ্ট হওয়ায় তা স্পষ্ট করা প্রয়োজন। | আগামী ১৫ দিনের মধ্যে সকল গোডাউন দেখে একটি প্রতিবেদন পরিচালক (নিরোধ শিক্ষা) দাখিল করবেন। প্রাপ্ত রির্পোটের আলোকে একটি বিশেষ সভা আহবান করা যেতে পারে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল) |

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩ | প্রধান কার্যালয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের এবং দর্শনার্থীদের প্রবেশে অনুমতি সংক্রান্ত। | ঢাকাস্থ পরিদর্শক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের প্রধান কার্যালয়ে প্রবেশের ক্ষেত্রে কোনরুপ অনুমতিপত্র/ছুটির প্রমাণপত্র প্রদর্শন করতে হবে না। কিন্তু ঢাকার বাইরের কর্মকর্তা/ কর্মচারীদের প্রধান কার্যালয়ে প্রবেশ করতে অনুমতিপত্র/ছুটির প্রমাণপত্র লাগবে।<br>প্রধান কার্যালয়ে প্রবেশের ক্ষেত্রে দর্শনার্থীদের ভিজিটর কার্ড প্রদান করতে হবে এবং দর্শনার্থী কোথায় যাবে তা ইন্টারকমে নিশ্চিত করা অব্যাহত থাকবে। | পরিচালক (সকল)/ অতিরিক্ত পরিচালক (সকল)<br><br>সহকারী পরিচালক (সকল) প্রধান কার্যালয় |
| ৪ | মাদকদ্রব্য আমদানির অনুমতি পত্রে অধিদপ্তরের রঙিন মনোগ্রাম সম্বলিত অনাপত্তিপত্র প্রদান। | মাদকদ্রব্য আমদানির ক্ষেত্রে আগামী ০১ (এক) মাসের মধ্যে অধিদপ্তরের রঙিন মনোগ্রাম অনাপত্তির পত্র প্রদান করতে হবে। | পরিচালক (সকল) |
| ৫ | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ''মুজিববর্ষ'' পালন। | • অধিদপ্তরের আওতাধীন বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে ''মুজিববর্ষ'' পালন উপলক্ষ্যে ৩,২৯,০০০/-(তিন লক্ষ উনত্রিশ লক্ষ) টাকা প্রদান করা হবে।<br>• সরকারের নির্বাচন ইশতেহার অনুযায়ী বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং মান উন্নয়নে চলতি অর্থ বছরে ১ (এক) কোটি টাকা প্রণোদনা প্রদানের কার্যক্রম সম্পন্ন দ্রুত করতে হবে। | পরিচালক (সকল) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক

নং-৫৮.০২.০০০০.০০৬.০৬.০৩৭.১৯ (অংশ-৪).৬১১৪

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৬ / ৩১ ডিসেম্বর, ২০১৯

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপা:/ নিরোধ শিক্ষা/চি: পু:), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
৫. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,/ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেটবরিশাল/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দাশাখা।
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল)--------------------------------------------------------।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
মোবাইল: +৮৮০১৪০৪০৭২০১৯
ই-মেইল: adadmin@dnc.gov.bd